

প্রজ্ঞাপন

ঢাকা, ৩১শে আষাঢ় ১৪০৬/১৫ই জুলাই ১৯৯৯

এস. আর. ও নং ২১২-আইন/৯৯/২০৫-মুদ্রক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইং তারিখের প্রজ্ঞাপন নং এস. আর ও ১৩৪-আইন/৯৬/১৩৬-মুদ্রক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ (উৎপাদন পর্যায়ে) এর কলাম (১) এ উল্লিখিত—

(ক) শিরনামা সংখ্যা ২৫-২৩ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ—

“৩২-০৮ হইতে ৩২-১০ সংশ্লিষ্ট এইচ, এস, কোড পেইন্টস্ ও বার্নিশ (এনামেল, লেকার ও ডিস্টেম্পারসহ)”;

(খ) শিরনামা সংখ্যা ৬৪-০৫ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ—

“৬৯-১০ } সংশ্লিষ্ট এইচ, এস, কোড চীনা মাটি ও পোরসিলিনের তৈরী টেবিল ওয়্যার,
৬৯-১১ } কিচেন ওয়্যার ও অন্যান্য গৃহস্থালী সামগ্রী”;

(গ) শিরনামা সংখ্যা ৮২-১৫ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ—

“৮৪-১৫ সকল এইচ, এস, কোড মটর চালিত পাখাযুক্ত এবং উচ্চতা ও আর্দ্রতা পরিবর্তনের সুবিধা সম্বলিত, আর্দ্রতা পৃথকভাবে নিয়ন্ত্রণ করা যায় না এইরূপ বৈশিষ্ট্য সম্বলিত শীতাতপ নিয়ন্ত্রণকারী যন্ত্র”।

২। এই প্রজ্ঞাপন ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০৬ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৯ ইং তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
কাজী আনোয়ার হুসেইন
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।